বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
Bangladesh Madrasah Education Board, Dhaka.

(ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যে প্রকাশিতব্য তারিখের কমপক্ষে ৭ কর্মদিবস পূর্বে বোর্ডে ফিসহ আবেদন দাখিল করতে হবে)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (www.bmeb.gov.bd) বেসরকারী মাদরাসার শিক্ষক নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য ছক: (সকল তথ্য ইংরেজিতে পূরণ করতে হবে)

প্রথম বিজ্ঞপ্তি/দ্বিতীয় বিজ্ঞপ্তি (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন)

মাদরাসার কোড		EIIN		মাদ. নামঃ-	
ডাকঘর		থানা/উপজেলাঃ		জেলাঃ	

শূণ্য পদের বিবরণঃ

ক্রমিক নং	পদের নাম	সংখ্যা	শূণ্য পদের ব্যাখ্যা (যেমন অবসর জনিত /মৃত্যু জনিত /গ্রুপ বা বিভাগ খোলার জন্য /বিষয় খোলার জন্য/স্তর উন্নয়ন জনিত কারণে বা অন্য যে কারণে পদ শূণ্য হয়েছে তার বিবরণ লিখতে হবে)
১.			
২.			
৩.			
৪.			
৫.			
	মোট পদ		

বিঃ দ্রঃ অত্র ছকে স্থান সংকুলান না হলে নমুনা অনুযায়ী প্রয়োজনবোধে আলাদা ছক তৈরি করে দাখিল করা যাবে।

নিয়োগ বিজ্ঞপ্তি

ক্রমিক	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	ব্যাংক ড্রাফট (টাকা)
১.		শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো মোতাবেক		
২.				
৩.				
৪.				
৫.				
আবেদন পৌছানোর শেষ তারিখঃ				
যার বরাবর আবেদন করতে হবে (টিক চিহ্ন দিন)		সভাপতি/অধ্যক্ষ/সুপার/............		

যে ১৫ দিন ওয়েব সাইটে অত্র বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবেঃ {ওয়েব সাইটে প্রকাশকালীন সময়েই ২টি দৈনিক (১টি স্থানীয় এবং ১টি জাতীয়) পত্রিকায় প্রচার করতে হবে}	..............................হতে	....................পর্যন্ত ১৫ দিন

সোনালী ব্যাংক, বি.এম.ই.বি শাখা, ঢাকা এর অনুকূলে রেজিস্ট্রার বরাবর, ৫০০/৩০০ টাকার ব্যাংক ড্রাফট এর বিবরণ: (১ম বিজ্ঞপ্তি ৫০০/-, ২য় বার ৩০০/-

ব্যাংক শাখার নাম	উপজেলা	জেলা	ড্রাফ নং	টাকার পরিমান	তারিখ

অত্র মাদরাসার গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি/এড-হক কমিটির .... তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তি বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (www.bmeb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলোঃ-

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক এর স্বাক্ষর, সিল ও মোবাইল নম্বর	সভাপতির স্বাক্ষর, সিল ও মোবাইল নম্বর	জেলা শিক্ষা অফিসার অতিরিক্ত জেলা প্রশাসক/ জেলা প্রশাসক এর স্বাক্ষর ও সিলমোহর

দাখিল ও আলিম মাদরাসার ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার এবং ফাযিল ও কামিল মাদরাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক অথবা জেলা প্রশাসক এর স্বাক্ষর নিতে হবে। জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক মাদরাসা সভাপতি হলে ৩য় কলামে স্বাক্ষরের প্রয়োজন নাই।

বি:দ্র: দ্বিতীয় বিজ্ঞপ্তির প্রকাশের আবেদন দাখিল করার সময় ১ম বিজ্ঞপ্তির আবেদনের তথ্য ছক ও ফি জমাদানের রশিদ এর ছায়াকপি সংযোজন করতে হবে।

প্রথম বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন পৌছানোর শেষ তারিখের কমপক্ষে ১৫ দিন পর দ্বিতীয় বিজ্ঞপ্তি প্রকাশের জন্য আবেদন করতে হবে।

Head Office: 2 Orphanage Road, Bakshi Bazar, Dhaka-1211. **Phone:** 8625921 (Chairman), 8626138 (Registrar), 8625918(Controller of exams.), 8625882 (Inspector), **Fax:** 8616681, 8620841. **Email:** info@bmeb.gov.bd. **Web:** www.bmeb.gov.bd.

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইডে (www.bmeb.gov.bd) বেসরকারী মাদরাসায় শিক্ষক নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের নিয়মাবলীঃ

শিক্ষা মন্ত্রণালয়ের নং শিম/শাঃ১৪/বিবিধ-১-৮/২০১০/৬০১, তারিখঃ ০৮/১২/২০১০ নং প্রজ্ঞাপনে পত্রের মর্মানুযায়ী বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে বেসরকারী মাদরাসায় শিক্ষক নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যে আগামী ৫ এপ্রিল ২০১১ তারিখ থেকে আবেদন গ্রহণ করা হবে।

আবেদন করার নিয়মাবলীঃ-

১. বোর্ড নির্ধারিত ছকে আবেদন করতে হবে।

২. মহিলা কোটা শিথিল করার ক্ষেত্রে অবশ্যই একই বিজ্ঞপ্তি কমপক্ষে ১৫ দিনের ব্যবধানে ২ বার প্রকাশ করতে হবে।

৩. একই বিজ্ঞপ্তি ১ম ও ২য় বার প্রকাশের ফি বাবদ যথাক্রমে ৫০০/- (পাঁচশত) ও ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট জমা দিতে হবে। উক্ত ড্রাফট সোনালী ব্যাংক বি.এম.ই.বি শাখা, ঢাকা এর অনুকূলে রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর দেশের সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে করা যাবে।

৪. প্রতিটি বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইটে ১৫ দিনের জন্য প্রকাশ করা হবে। ১৫ দিন পরেও বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইডের আর্কাইভে সংরক্ষিত থাকবে।

৫. ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের কাঙ্খিত তারিখের কমপক্ষে ৭ (সাত) কর্মদিবস পূর্বে নির্ধারিত ছক সম্বলিত আবেদন ও ফি বোর্ডের কাউন্টারে জমা দিতে হবে।

৬. একই বিজ্ঞপ্তি ২ বার প্রকাশের প্রয়োজন হলে ১ম বার বিজ্ঞপ্তি প্রকাশের জন্য বোর্ডে দাখিলকৃত ছক ও ফি জমাদানের রশিদের ছায়াকপিসহ পুনরায় একই পদ্ধতিতে নির্ধারিত ছকে আবেদন করতে হবে।

৭. আবেদনের জন্য নির্ধারিত ছক বোর্ডের ওয়েব সাইটে (**www.bmeb.gov.bd**) পাওয়া যাবে।

৮. আগামী ০৫/০৪/২০১১ তারিখ থেকে (নির্ধারিত ছকের মাধ্যমে) আবেদন সরাসরি বোর্ডের প্রধান কার্যালয়ের হিসাব শাখার কম্পিউটার কাউন্টারে জমা নেয়া হবে।

(প্রফেসর রশিদ আহমেদ)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং শিম/শাঃ১৪/বিবিধ-১-৮/২০১০/৬০১

তারিখঃ ২৪ অগ্রহায়ন ১৪১৭
০৮ ডিসেম্বর ২০১০

প্রজ্ঞাপন

বিষয়ঃ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসা) শিক্ষক নিয়োগে মহিলা কোটা শিথিলকরণ।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসা) শূন্য পদে শিক্ষক নিয়োগে পর্যাপ্ত সংখ্যক মহিলা শিক্ষক না পাওয়ার প্রেক্ষাপটে গত ১৪ মে ২০০৯ এ জারিকৃত প্রজ্ঞাপনের ধারা-৪ এর অনুচ্ছেদ-৬ ও ধারা ৬-এর অনুচ্ছেদ ২(গ) নিম্নরূপভাবে সংশোধন করা হলোঃ

ধারা-৪ ঃ মহিলা শিক্ষক না পাওয়ার ক্ষেত্রে নিয়োগ পদ্ধতি-

(১) মহানগর ও পৌর এলাকাসহ দেশের অন্যান্য এলাকায় অবস্থিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (মাদ্রাসা) মধ্যে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে নির্ধারিত সংখ্যক পদে মহিলা শিক্ষক নেই বা কোন শিক্ষা প্রতিষ্ঠানে মহিলা শিক্ষকের পদ শূন্য হলে অথবা নির্ধারিত কোটা পূরণ না হলে মহিলা শিক্ষক পদ পূরণকল্পে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে।

নিয়োগকারী কর্তৃপক্ষ-

(ক) কেবল মহিলা প্রার্থীদের নিকট হতেই আবেদনপত্র আহবান করবেন। বিজ্ঞপ্তিতে অবশ্যই "পুরুষ প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই" উল্লেখ থাকতে হবে। নিয়োগ বিজ্ঞাপন একই সাথে পত্রিকায় ও ওয়েবসাইটে প্রচার করতে হবে। যে সব শিক্ষা প্রতিষ্ঠানে ওয়েবসাইট ও ইন্টারনেট সংযোগ আছে সেখানে নিয়োগ বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা করতে হবে এবং যেখানে নেই সে ক্ষেত্রে বিজ্ঞাপনের কপি প্রচারের উদ্দেশ্যে মাদ্রাসা বোর্ড/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর অথবা শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অনুবিভাগে প্রেরণ করতে হবে।

(খ) দফা (ক) অনুসারে বিজ্ঞপ্তি প্রদানের পর কোন মহিলা শিক্ষক পাওয়া না গেলে সকলের জন্য উন্মুক্ত করে একই ভাবে দ্বিতীয় বার পত্রিকা এবং ওয়েবসাইটে পুনরায় বিজ্ঞপ্তি প্রচার করতে হবে এবং এরূপ অবস্থায় যদি কোন মহিলা প্রার্থী না পাওয়া যায় তবেই পুরুষ প্রার্থীকে নিয়োগ দেওয়া যাবে। এক্ষেত্রে মহিলা প্রার্থীর আবেদন পাওয়া গেলে তা অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনাযোগ্য হবে।

(গ) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে আবেদন করার সময় কমপক্ষে ১৫ (পনর) দিন পর্যন্ত বলবৎ থাকবে।

ধারা ৪(৬) মহিলা প্রার্থী নিয়োগের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত ৩ (তিন) জন প্রার্থীর পরিবর্তে কমপক্ষে ২ (দুই) জন প্রার্থী পাওয়া গেলে নিয়োগ নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

ধারা-৬ এর ২(গ)

উক্ত প্রজ্ঞাপনের ধারা-৬ এর ২(গ) অনুচ্ছেদে বর্ণিত গণিত, ইংরেজি, শরীরচর্চা, আরবি, কোরআন ও হাদিস বিষয়ে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা শিক্ষক নিয়োগের বাধ্যবাধকতা শিথিলকরণ ৩১ ডিসেম্বর ২০০৯ এর পরিবর্তে ৩১ ডিসেম্বর ২০১৩ পর্যন্ত বহাল থাকবে।

এ প্রজ্ঞাপনে উল্লিখিত সংশোধনী শুধুমাত্র মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

জনস্বার্থে এ সংশোধনী জারি করা হলো।

স্বাক্ষরিত/-
৩০/১১/২০১০
(ড. কামাল আবদুল নাসের চৌধুরী)
সচিব
শিক্ষা মন্ত্রণালয়

উপনিয়ন্ত্রক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক প্রকাশিত গেজেটের ৩০০০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

নং শিম/শাঃ১৪/বিবিধ-১-৮/২০১০/৬০১/১(৩০)

তারিখঃ ২৪ অগ্রহায়ন ১৪১৭
০৮ ডিসেম্বর ২০১০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়/উপাচার্য, ইসলামী বিশ্ববিদ্যালয়।
২। অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ)/(উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়।
৩। যুগ্ম-সচিব (বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়।
৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)/চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা/ চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৭। উপ-সচিব (মাধ্যমিক/বিশ্ববিদ্যালয়/কলেজ/কারিগরি ও মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়।
১০। অফিস নথি।